

এইচ এস সি পরীক্ষা 2015 এর মডেল প্রশ্ন

বিষয় : ফিল্যাল ব্যাংকিং এবং বীমা ১ম পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণাদ—১০০

### ক বিভাগ: রচনামূলক প্রশ্ন - ৬০ নম্বর

[৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০।]  $10 \times 6 = 60$

১. ধরো, তুমি ৮,০০,০০০ টাকা বিনিয়োগ করতে ইচ্ছুক। তুমি ব্যাংকে ৬ বছরের জন্য টাকাগুলো জমা রাখলে প্রতিমাসে ৭,৭০০ টাকা পাবে। অন্যদিকে দুই বিঘা জমি কিনলে বিঘা প্রতি বছরে ২০,০০০ টাকা করে পাবে এবং ৬ বছর শেষে জমিটির দাম ন্যূনতম ১২ লক্ষ টাকা হবে। বর্তমান বাজারে সুদের হার ১২% বিদ্যমান আছে। কোন ক্ষেত্রে তুমি বিনিয়োগ করতে ইচ্ছুক হবে? ১০
২. গুরুত্ব প্রদত্ত গড় মূলধন ব্যয়ের ওপর প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ আলোচনা করো। ১০
৩. গড় মুনাফার হার পদ্ধতির জনপ্রিয়তার পাশাপাশি প্রতিবন্ধকতাও রয়েছে – এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ১০
৪. মৌলিক উপাদানসমূহের উপস্থিতি ব্যক্তিত কোনো প্রতিষ্ঠান অংশীদারি ব্যবসায় হিসেবে গণ্য হবে না – এ বক্তব্যের প্রেক্ষিতে তোমার মতামত ব্যক্ত করো। ১০
৫. একজন বিনিয়োগকারী তার মোট বিনিয়োগযোগ্য তহবিলের ৩০% কোম্পানি A এবং ৭০% কোম্পানি B তে বিনিয়োগ করতে। কোম্পানি দুটির প্রত্যাশিত আয়ের হার ১৮% ও ২৩%। পোর্টফলিওর প্রত্যাশিত আয়ের হার নির্ণয় করো। অর্থনৈতিক মন্দার কারণে A ও B-এর প্রত্যাশিত আয় যথাক্রমে ১৬% ও ১৮%।  $P_{AB} =$  ৩ হলে পোর্টফোলিও কুকি নির্ণয় করো। ১০
৬. স্বল্প সময়ের জন্য হলোও নগদ অর্থ কুক্ষিগত করে রাখার উদ্দেশ্যে বেশ কিছু পদ্ধতি অবলম্বন করা হয়। এ পদ্ধতিগুলো অবলম্বনের যথার্থতা মূল্যায়ন করো। ১০

৭. একটি কোম্পানি বিনিয়োগকারীদের স্বার্থের কথা বিবেচনা করে গত  
বছরের তুলনায় ৫% লভ্যাংশ বৃদ্ধির ঘোষণা করে। এর ফলে কোম্পানি  
কীভাবে উপকৃত হতে পারে? বিশ্লেষণ করো। ১০
৮. একটি ১,০০০ টাকা লিখিত মূল্যের বণ্ডের বাজার মূল্য ৮৪০ টাকা।  
বণ্ডের মেয়াদ ১২ বছর এবং কুপন হার ৮%। এ বণ্ডের আয় হার কত? ১০
৯. আর্থিক বিবরণী বিশ্লেষণের বিভিন্ন পদ্ধতি আলোচনা করো। ১০

### খ বিভাগ: সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন - ৪০ নম্বর

[৮টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ৫]  $5 \times 8 = 40$

- স্টকের প্রকারভেদ ব্যাখ্যা করো। ৫
- স্থির লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে সাধারণ শেয়ারের ব্যয় কীভাবে নির্ধারিত  
হয়? ৫
- একটি কোম্পানির নগদ আন্তঃপ্রবাহ ও নগদ বহিঃপ্রবাহের উৎসগুলো কী  
কী। ৫
- সিএপিএম কী? ৫
- ব্যবসায়ী অর্থসংস্থান অব্যবসায়ী অর্থায়ন থেকে ভিন্ন হয় কেন? ৫
- নগদ রূপান্তর চক্র সম্পর্কে ব্যাখ্যা করো। ৫
- গুরুত্ব প্রদত্ত গড় বা সার্বিক মূলধন ব্যয় কী? ৫
- অভ্যন্তরীণ মুনাফার হার কী? ৫
- আর্থিক ঝুঁকি কী? ৫
- জিরো কুপন বণ্ড বা সুদবিহীন বণ্ডের মূল্যায়ন ব্যাখ্যা করো। ৫
- বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের পার্থক্য কী? ৫
- ক্ষুদ্র ঋণ কর্তৃপক্ষের ভিশনগুলো ব্যাখ্যা করো। ৫